



ইয়েমেনে হুথিদের হামলায় ৮ সেনা নিহত



ছবি: সংগৃহীত

ইয়েমেনের দক্ষিণাঞ্চলীয় লাহিজ প্রদেশে হুথি বাহিনীর হামলায় দেশটির আট সেনাসদস্য নিহত হয়েছেন। শনিবার (১৭ অক্টোবর) রাতে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ইয়েমেন সরকারের সেনাবাহিনী এ তথ্য জানিয়েছে। খবর আলজাজিরার।

সেনাবাহিনীর সংশ্লিষ্ট তুর আল-বাহাহ মিলিটারি এক্সিসের বিবৃতিতে বলা হয়, লাহিজের আল-মাকাতিরাহ ফ্রন্টে ওই সেনারা নিহত হন। তবে হামলার বিস্তারিত জানানো হয়নি। এ বিষয়ে হুথি বাহিনীরও কোনো বক্তব্য পাওয়া যায়নি।

এদিকে, সরকারি বাহিনীর দাবি, তাইজের দক্ষিণাঞ্চলীয় আল-আকরুদ এলাকায় তাদের অভিযানে ১২ হুথি যোদ্ধা নিহত হয়েছেন। একই দিন তাইজে হুথিদের গোলাবর্ষণে দুই নারীসহ তিন বেসামরিক নাগরিক নিহত এবং পাঁচজন আহত হন।

আলজাজিরার প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় হুথিদের বিরুদ্ধে ১ হাজার ৪১৭টি হামলা চালানোর দাবি করেছে সরকারি বাহিনী। বাহিনীর মুখপাত্র মাজেদ আবদুল্লাহ আল-নুজাইলির ভাষ্য, এসব হামলায় প্রায় ৮০০ হুথি সদস্য হতাহত হয়েছেন। এ ছাড়া ১৯০টির বেশি সাজোয়া যান, যুদ্ধ সরঞ্জাম ও সরবরাহব্যবস্থা ধ্বংস বা অকার্যকর করা হয়েছে বলে দাবি করা হয়েছে।

২০২২ সালে জাতিসংঘের মধ্যস্থতায় যুদ্ধবিরতি হলেও চলতি বছরের জুলাই থেকে হুথি ও সৌদি আরব-সমর্থিত সরকারি বাহিনীর মধ্যে আবারও সংঘর্ষ বেড়েছে। ২০১৪ সালে হুথিরা রাজধানী সানাসহ কয়েকটি অঞ্চল দখল করলে ইয়েমেনে গৃহযুদ্ধ শুরু হয়। ২০১৫ থেকে ২০২২ সাল পর্যন্ত হুথিদের বিরুদ্ধে সৌদি নেতৃত্বাধীন জোট বিমান হামলা চালায়।

দীর্ঘদিনের সংঘাতের কারণে ইয়েমেনে ভয়াবহ মানবিক সংকট তৈরি হয়েছে। নতুন করে লড়াই বাড়ায় দেশটির সাধারণ মানুষের দুর্ভোগ আরও বাড়ার আশঙ্কা দেখা দিয়েছে।